

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১৭.১১.২৮৬.১৭-১২৭১

তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে নিম্নবর্ণিত পদে কতিপয় শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম ও বেতন স্কেল (২০১৫ এর জাতীয় বেতন স্কেল অনুযায়ী)	পদের সংখ্যা	বয়সসীমা (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
পরিচালক (বিদ্যুৎ) টা: ৫৬৫০০-৭৪৪০০/-	০১ (এক)	৪৮ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিদ্যুৎ বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী; (খ) প্রথম শ্রেণীর পদে অন্যান্য ১৫(পনের) বছর চাকুরীর অভিজ্ঞতা; (গ) পাবলিক পরীক্ষায় অন্যান্য ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (০৭/০৩/২০১৯ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ কমিশনের ওয়েব সাইট (www.berc.org.bd) হতে সংগৃহীত আবেদন ফরমের নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্রসমূহ ডাকযোগে সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বরাবর আগামী ০৭/০৩/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পাঠাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবেনা। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- আবেদনের সাথে সংযুক্ত করতে হবে :
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (এক কপি ছবি আঠা দিয়ে দরখাস্তের ডান পাশে লাগিয়ে দিতে হবে)।
 - ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
 - নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
 - অভিজ্ঞতার সনদপত্র।
 - আবেদনের সঙ্গে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন' এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার যে কোন তফসিলী ব্যাংকের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা ক্রসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। এছাড়া ঢাকা শহরের যে কোন তফসিলী ব্যাংক থেকে পে-অর্ডার গ্রহণযোগ্য।
- আবেদনকারীর বয়স ০৭/০৩/২০১৯ তারিখ সর্বোচ্চ ৪৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
- আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম উল্লেখ করতে হবে।
- সরকারি, আধা-সরকারি দপ্তর/সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- নির্বাচিত প্রার্থী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের বিদ্যুৎ/কমিশনের প্রয়োজনে যে কোন শাখায় কাজ করতে বাধ্য থাকবেন।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- চুক্তিভিত্তিক এ নিয়োগের মেয়াদ হবে ২ (দুই) বছর। তবে চাকুরীকাল সন্তোষজনক হলে কর্তৃপক্ষ চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে পারে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ রফিকুল ইসলাম
সচিব